[illegible]

[illegible]

**Job Category:** Security/Protective Services

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 17 Oct 2024

**Application Deadline:** 4 Nov 2024

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট-এর কার্যালয়
## চট্টগ্রাম

http://metrochattogram.judiciary.gov.bd

স্মারক নং- ৩৭৭/২০২৪ তারিখঃ ১৬/১০/২০২৪ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

মহানগর দায়রা জজ-এর কার্যালয়, চট্টগ্রাম (প্রশাসনিক বিভাগ)-এর আদেশ নং-১২৮/২৪, প্রঃ বিঃ, তারিখ-১২/০৯/২০২৪ খ্রি. এবং আদেশ নং-২৮৪/২৪, প্রঃ বিঃ, তারিখ-০৩/১০/২০২৪ খ্রি. মোতাবেক নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করার নিমিত্ত উল্লিখিত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

| নং | পদের নাম | পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী পদের বেতন স্কেল ও গ্রেড | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | স্টেনো-টাইপিস্ট-কাম-কম্পিউটার অপারেটর | ০৩ | (১০২০০-২৪৬৮০) গ্রেড-১৪ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি এবং কম্পিউটার ব্যবহারে দক্ষতা। শর্টহ্যান্ডে ইংরেজীতে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ৭০ শব্দ বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে ইংরেজীতে প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ, বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ। |
| ২ | তুলনা সহকারী | ০১ | (১০২০০-২৪৬৮০) গ্রেড-১৪ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৩ | হিসাব সহকারী | ০১ | (৯৩০০-২২৪৯০) গ্রেড-১৬ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। হিসাব সংরক্ষণে এবং কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৪ | সহকারী রেকর্ড কীপার | ০২ | (৯৩০০-২২৪৯০) গ্রেড-১৬ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৫ | স্টোর কিপার | ০১ | (৯৩০০-২২৪৯০) গ্রেড-১৬ | কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৬ | প্রসেস সার্ভার | ০১ | (৮৫০০-২০৫৭০) গ্রেড-১৯ | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭ | অফিস সহায়ক | ০৭ | (৮২৫০-২০০১০) গ্রেড-২০ | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮ | নিরাপত্তা প্রহরী | ০১ | (৮২৫০-২০০১০) গ্রেড-২০ | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯ | পরিচ্ছন্নতা কর্মী (ফরাশ) | ০১ | (৮২৫০-২০০১০) গ্রেড-২০ | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলী:-**

০১। ০১/১০/২০২৪ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রার্থীর বয়স ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। স্টেনো-টাইপিস্ট-কাম-কম্পিউটার অপারেটর পদে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে প্রার্থীর বয়স ৪০ (চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৩। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের সম্মতিতে আবেদন করতে হবে এবং এ সংক্রান্তে অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

০৪। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://cmmctg.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ ও দাখিল করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ
(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদানের শুরুর তারিখ ও সময়ঃ ২১/১০/২০২৪ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা।
(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ০৪/১১/২০২৪ খ্রি. ২৩.৫৯ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে টেলিটক এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে উল্লিখিত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

সমকাল

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk Pre-Paid Mobile নম্বর হতে ০২ (দুই)টি SMS এর মাধ্যমে ১, ২, ৩, ৪ ও ৫ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা এবং অনলাইন ফি বাবদ ২৩/- টাকাসহ সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ৬, ৭, ৮ ও ৯ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা এবং অনলাইন ফি বাবদ ১২/- টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য যে, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষা ফি নির্দিষ্ট সময়ের মধ্যে জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না ।
[SMS পাঠানোর পূর্বে টেলিটক নম্বরটির Balance চেক করে নিন] প্রথম SMS: CMMCTG<Space>User ID and Send SMS to 16222, [Example: CMMCTG ABCDEF], দ্বিতীয় SMS: CMMCTG<Space>YES<Space>PIN and Send SMS to 16222, [Example: CMMCTG YES 13423494]

চ. সফলভাবে SMS Send হলে Teletalk বাংলাদেশ লিমিটেড কর্তৃক SMS এর মাধ্যমে প্রার্থীর মোবাইল নম্বরে প্রার্থীকে পরীক্ষার ফি জমাদানের Confirmation জানিয়ে প্রার্থীকে User ID এবং Password প্রদান করা হবে। User ID এবং Password যত্ন সহকারে সংরক্ষণ করবেন।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে প্রবেশপত্র Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

জ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ঝ. শুধু টেলিটক প্রি-পেইড ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।
i. User ID জানা থাকলেঃ
CMMCTG<Space>Help<Space>User ID & Send to 16222, [Example: CMMCTG Help User ABCDEF & Send to 16222.
ii. Pin Number জানা থাকলেঃ
CMMCTG<Space>Help<Space>Pin<Space>Pin No & Send to 16222, [Example: CMMCTG Help PIN 12345678 & Send to 16222.]

ঞ. Admit Card এ উল্লিখিত রোল/রেজিস্ট্রেশন অনুসারে পরীক্ষার সময়সূচি ও কেন্দ্রের নাম একই পত্রিকার মাধ্যমে জানানো হবে।

**বিশেষ দ্রষ্টব্য:**

(১) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। যেকোনো প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(২) মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক-ছ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির সত্যায়িত (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ফটোকপি দাখিল করতে হবেঃ

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ)

খ) কোটার সমর্থনে মূল কাগজাদি।

গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক বা প্রযোজ্য ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ।

ঙ) স্টেনো-টাইপিস্ট-কাম-কম্পিউটার অপারেটর পদে প্রার্থীদের ক্ষেত্রে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে সাঁটলিপি ও কম্পিউটার কোর্সের সনদপত্র।

চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ) Online এ আবেদনপত্রের কপি (Applicant's Copy) ।

(৩) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্ট, চট্টগ্রাম-এর নোটিশ বোর্ডে ও http://metrochattogram.judiciary.gov.bd ওয়েব পোর্টালে পাওয়া যাবে।

(৪) প্রচলিত নিয়োগ বিধি ও প্রচলিত মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য কোটায় নিয়োগ সংক্রান্ত সরকারের অপরাপর বিধি/আদেশ যথাযথভাবে অনুসরণ করা হবে।।

(৫) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(৬) লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৭) নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি পেতে পারে। কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

**সরকার হাসান শাহরিয়ার**
চেয়ারম্যান, বাছাই কমিটি
ও
অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
চট্টগ্রাম।

PC-1131/24 (13"x4)